

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী

■ রংপুর প্রতিনিধি

নানা আয়োজনের মধ্যদিয়ে গতকাল নোবিবার রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. কে. এম. নূর-উন-নবী।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ৭ বছরের জন্য প্রতিষ্ঠার প্রতীক পায়রা উড়িয়ে দেয়া হয়। পরে ক্যাম্পাস থেকে একটি অনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাতে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

এতে সভাপতিত্ব করেন উদযাপন কমিটির আর্থায়ক প্রফেসর ড. নাজমুল হক। সভায় প্রধান অতিথির বক্তব্যে

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. কে. এম. নূর-উন-নবী বলেন,

বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বমানের বিদ্যাপীঠ হিসাবে গড়ে তুলতে সকলকে

এক্যবক্রভাবে সহযোগিতা করতে হবে। অন্যায়ের মধ্যে বক্তব্য রাখেন

বিজনেস স্ট্যাডিজ অনুসন্ধান ডিন প্রফেসর ড. মতিউর রহমান, প্রকৌশল

ও প্রযুক্তি অনুসন্ধান ডিন প্রফেসর ড. তাজুল ইসলাম, শেখ ফজিলাতুন্নেছা

মুজিব হলের প্রভোস্ট ড. আবু ছালেহ মোহাম্মদ ওয়াদুদুর রহমান,

উপাচার্যের সহধর্মিণী মিসেস গুল নাহার নবী, একাউন্টিং এন্ড

ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহকারী অধ্যাপক উমর ফারুক প্রমুখ।

উইমেন এন্ড জেন্ডার স্ট্যাডিজ বিভাগের প্রভাষক কুস্তলা চৌধুরীর পরিচালনায়

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সাজিয়া আফরিন। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক

অনুষ্ঠানের আয়োজন করা হয়।